

বায়ুফে প্রেসিডেন্টের বিবৃতি- সেপ্টেম্বর ২০১৮

সবাইকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করছি।

এএফসি কোয়ালিফায়ারের দ্বিতীয় রাউন্ডে অ-১৬ মেয়েরা

সম্প্রতি অসাধারণ ফুটবল নৈপুণ্য প্রদর্শন করে এএফসি অ-১৬ উইম্যান্স চ্যাম্পিয়নশিপ ২০১৯ কোয়ালিফায়ারের সেকেন্ড রাউন্ডে অবস্থান নিশ্চিত করেছে বাংলাদেশ অ-১৬ প্রমীলা দল। নিজেদের গ্রুপে অপরাজিত থেকে প্রতিপক্ষে বাহরাইন, লেবানন, আরব আমিরাত এবং ভিয়েতনামের জালে মোট ২৭ গোল দিয়েছে মেয়েরা। এই প্রতিটি ম্যাচে নিজেদের জাল অক্ষত রাখা এই প্রতিভাবন দলটি ২০১৯ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ অনুষ্ঠিতব্য এএফসি ফাইনাল কোয়ালিফায়ারের দ্বিতীয় রাউন্ডে অংশগ্রহণ করবে। এই রাউন্ডের অন্যান্য দলগুলো হচ্ছে- অস্ট্রেলিয়া, চীন, ইরান, লাওস, মায়ানমার, ফিলিপাইন এবং ভিয়েতনাম। এদের মধ্য থেকে সেরা চারটি দল সেপ্টেম্বর ২৫, ২০১৯ থেকে থাইল্যান্ডে অনুষ্ঠিত হতে চলা প্রতিযোগিতার মূল পর্বে অংশগ্রহণ করবে।

বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিতে আয়োজিত বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮ চলতি অক্টোবরের প্রথম দিন থেকে শুরু হয়েছে। ফুটবল উন্মাদনা সারা দেশে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পাশাপাশি সিলেট জেলা স্টেডিয়াম এবং কক্সবাজারে অবস্থিত বীরশ্রেষ্ঠ রুহুল আমিন স্টেডিয়ামে অক্টোবর ১২ পর্যন্ত এই প্রতিযোগিতার খেলাগুলো অনুষ্ঠিত হবে। বাংলাদেশের পাশাপাশি বঙ্গবন্ধু গোল্ড কাপের অন্য দলগুলো হল- ফিলিস্তিন, ফিলিপাইন, লাওস, নেপাল এবং তাজিকিস্তান।

টুর্নামেন্টের অরগানাইজার কে-স্পোর্টসের পাশাপাশি স্পনসর হিসেবে থাকছে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবি) এবং ইউপে। টুর্নামেন্টের ব্রডকাস্ট পার্টনার হিসেবে থাকছে বিটিভি, বাংলাদেশ বেতার, মাছরাঙা টেলিভিশন, নাগরিক টিভি এবং রেডিও ভূমি।

সাফ চ্যাম্পিয়নশীপ খেলতে ভূটানে অ-১৮ মেয়েরা

বাংলাদেশ অ-১৮ প্রমীলা দল বর্তমানে সাফ চ্যাম্পিয়নশীপে অংশগ্রহণের উদ্দেশ্যে ভূটানে অবস্থা করছে। প্রতিযোগিতার বি গ্রুপে বাংলাদেশের সঙ্গে রয়েছে পাকিস্তান এবং নেপাল, অন্য গ্রুপে স্বাগতিক ভূটানের সঙ্গী ভারত এবং মালদ্বীপ।

নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানকে ১৭-০ গোলের বিশাল ব্যবধানে বিধ্বস্ত করে সামর্থ্যের জানান দিয়েছে বাংলাদেশ দল। আশা করি তাদের এই পারফরম্যান্স টুর্নামেন্ট জুড়ে বজায় থাকবে।

সাফ সুজুকি কাপ থেকে বাংলাদেশের অপ্ৰত্যাশিত বিদায়

ভারতকে ফাইনালে ২-১ গোলে হারিয়ে দ্বিতীয়বারের মতো সাফের শিরোপা ঘরে তুলেছে মালদ্বীপ। টুর্নামেন্টের তিন ম্যাচে দুই জয় তুলে নেয়ার পরও গোল ব্যবধানে পিছিয়ে থেকে সাফ সুজুকি কাপ ২০১৮ থেকে ছিটকে পড়েছে বাংলাদেশ জাতীয় দল। শেষ ম্যাচের নেপালের কাছে ২-০ গোলে হারার আগে ভূটান এবং পাকিস্তানের সঙ্গে জয় তুলে নেয় বাংলাদেশ দল। এই বিদায় আমাদের সকলের জন্য একই সাথে দুর্ভাগ্যজনক ও হতাশার। তবে এখানেই থেমে থাকলে চলবেনা, পরের বার নিজের সামর্থ্যের পুরোটা দিয়ে খেলতে হবে আমাদের।

সাফ অ-১৫ (পুরুষ) ও উইম্যান্স চ্যাম্পিয়নশীপের ড্র

সাফ অ-১৫ (পুরুষ) এবং সাফ উইম্যান্স চ্যাম্পিয়নশীপে যথাক্রমে আগামী অক্টোবর ২৫ এবং ডিসেম্বর ১৭ থেকে শুরু হবে। এই লক্ষ্যে প্রতিযোগিতাগুলোর ড্র ইতিমধ্যে গত ১৩ সেপ্টেম্বর

অনুষ্ঠিত হয়েছে। এই টুর্নামেন্টগুলোয় বাংলাদেশের সঙ্গে অপর দলগুলো হল- ভূটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান এবং শ্রীলংকা।

ডিএফ এ প্রেসিডেন্টদের সঙ্গে মিটিং

ফুটবল উন্নয়ন ও জেলাভিত্তিক ফুটবল লীগ আয়োজনের উদ্দেশ্যে গত সেপ্টেম্বর ২ তারিখে আমি ডিস্ট্রিক্ট ফুটবল অ্যাসোসিয়েশনের (ডিএফএ) প্রেসিডেন্টদের সঙ্গে মিটিং করেছি। জেলা পর্যায়ে যেসব ডিএফএ সফলভাবে লীগ আয়োজন করেছে তাদেরকে বাফুফের পক্ষ থেকে দ্বিতীয় কিস্তির ১ লাখ টাকা করে প্রদান করা হয়েছে। সফলভাবে লীগ আয়োজন করতে পারলে অন্যান্য ডিএফএগুলোকেও একইভাবে সম্মানী প্রদান করা হবে।

ইতোপূর্বে ৬২ টি জেলার ডিএফএ সমূহকে লীগ আয়োজনের জন্য ১ লাখ টাকা প্রদান করা হয়।